গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর
রাজস্ব শাখা
www.rangpur.gov.bd

নম্বর : ০৫.৫৫.৮৫০০.০০০.০১০.০৩.০২২০.২৬-১৫২০

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩ / ১১ নভেম্বর ২০২৬

দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, রংপুর জেলার রংপুর মহানগরে নিম্নবর্ণিত এলাকায় ঘাঘট নদীর প্রবাহ পুনরুদ্ধারের জন্য শুষ্ক মৌসুমে নদীর প্রবাহ নিশ্চিতকরণ, নৌ-পথের উন্নয়ন ও বন্যা ব্যবস্থাপনা শীর্ষক প্রকল্পের ড্রেজিং/পুনঃখননকৃত উত্তোলিত ড্রেজড ম্যাটেরিয়ালসমূহ টেন্ডারের মাধ্যমে বিক্রয়ের নিমিত্তে "ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা নীতিমালা ২০২৫" এর বিধি বিধান অনুসরণপূর্বক আগ্রহী দরপত্র গ্রহণকারী ব্যক্তি/প্রতিষ্ঠান নিকট হতে নিম্নবর্নিত শর্তসাপেক্ষে দরপত্র আহ্বান করা যাচ্ছে।

প্যাকেজ সমূহের তথ্যাদি

ক্রঃ	স্তূপকৃত ড্রেজড ম্যাটেরিয়ালের প্যাকেজ নম্বর	স্তূপকৃত ড্রেজড ম্যাটেরিয়ালের অবস্থান		নিলামযোগ্য ড্রেজড ম্যাটেরিয়ালের পরিমাণ (ঘনফুট)	সরকারি মূল্য (টাকা)	মন্তব্য
		এলাকার নাম ও স্থানাংক	উপজেলা			
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
১.	প্যাকেজ-১ (ডাইক-৩০০১)	পানবাড়ি ব্রিজ সংলগ্ন E-৭২৬০৫৩ N-২৮৪২৮১২	রংপুর মহানগর	৭৮,৭৭৭ ঘনফুট	৩,৯৩,৮৮৫.০০ টাকা	
২.	প্যাকেজ-২ (ডাইক-৩০০২)	পানবাড়ি মসজিদ E-৭২৬৩৬৬ N-২৮৪২২৬৩	রংপুর মহানগর	৮০,৮৬২ ঘনফুট	৪,০৪,৩১০.০০ টাকা	
৩.	প্যাকেজ-৩ (ডাইক-৩০০৩)	পানবাড়িমাঠ E-৭২৬৬২৩N-২৮৪২৫২০	রংপুর মহানগর	২৮,৩৩৬ ঘনফুট	১,৪১,৬৮০.০০ টাকা	
৪.	প্যাকেজ-৪	পানবাড়ি ব্রিজের উপরে নদীর দুইপাশে ২ টি স্থানে স্তূপকৃত মটি/বালু। E-৭২৫৮১৭ N-২৮৪২৮১২	রংপুর মহানগর	১,১০,২১০ ঘনফুট	৫,৫১,০৫০.০০ টাকা	
৫.	প্যাকেজ-৫	পানবাড়ি ব্রিজের নিচে নদীর দুইপাশে ২ টি স্থানে স্তূপকৃত মটি/বালু। E-৭২৬৪২৩ N-২৮৪২৮১৩	রংপুর মহানগর	৬২,৮০৬ ঘনফুট	৩,১৪,০৩০.০০ টাকা	

দরপত্র বিক্রয় ও দাখিলের সময়সূচিঃ

বিবরণ	দরপত্র বিক্রয়ের তারিখ		দরপত্র দাখিলের তারিখ	দরপত্র দাখিলের সময়	দরপত্রের বাক্স খোলার তারিখ	দরপত্রের বক্স খোলার সময়	মন্তব্য
	হতে	পর্যন্ত					
১ম বার	২২/১১/২০২৬	২৬/১১/২০২৬	২৯/১১/২০২৬	সকাল ১০.০০ ঘটিকা হতে দুপুর ১.০০ ঘটিকা	২৯/১১/২০২৬	দুপুর ২.০০ ঘটিকা	
২য় বার	৩০/১১/২০২৬	০৩/১২/২০২৬	০৬/১২/২০২৬		০৬/১২/২০২৬		
৩য় বার	০৭/১২/২০২৬	১০/১২/২০২৬	১৩/১২/২০২৬		১৩/১২/২০২৬		

শর্তাবলিঃ

০১। সিডিউল মূল্য বাবদ ১,০০০/- (এক হাজার) টাকা কাচারি বাজার শাখা, সোনালী ব্যাংকে পে-অর্ডার/ব্যাংক ড্রাফট অতিরিক্ত জেলা জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর বরাবর জমা প্রদান করে সিডিউল ক্রয় করতে হবে।

০২। কাচারি বাজার শাখা, সোনালী ব্যাংকে প্রদত্ত মূল্যের ২৫% অর্থ (অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর) বরাবর ব্যাংক ড্রাফট/পে-অর্ডারের মাধ্যমে দাখিল করতে হবে।

০৩। একই ব্যক্তি প্রতিটি প্যাকেজের ক্ষেত্রে একাধিক শিডিউল ক্রয় করতে পারবেন না।

০৪। অফিস চলাকালীন সময়ে ফরম অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), রংপুর ও সহকারী কমিশনার (ভূমি) রংপুর মহানগর সার্কেল, রংপুর হতে সংগ্রহ করতে হবে।

০৫। দরপত্রের সাথে নিলামে আগ্রহী প্রার্থীর প্রমাণপত্র স্বরূপ জাতীয় পরিচয়পত্র, ০১ কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবি ও হালনাগাদ ট্রেড লাইসেন্স জমা দিতে হবে। সকল কাগজের ফটোকপিতে প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক নামযুক্ত সত্যায়িত সিল থাকতে হবে। ত্রুটি ও অসম্পূর্ণ দরপত্র বাতিল বলে গণ্য হবে।

০৬। সর্বোচ্চ দরদাতা ব্যক্তি/প্রতিষ্ঠানকে ০৭ (সাত) কার্যদিবসের মধ্যে সমুদয় অর্থ একযোগে জমা প্রদান করতে হবে। অন্যথায় ২৫% অর্থ বাজেয়াপ্ত করা হবে ও দরপত্রটি বাতিল বলে গণ্য হবে এবং পরবর্তীতে পুনরায় দরপত্র আহ্বান করা হবে। বাজেয়াপ্ত অর্থ সরকারি কোষাগারে জমা প্রদান করা হবে।

০৭। দরপত্র ফরম পূরণে তথ্য মিথ্যা প্রমাণিত হলে বা ঘষা-মাজা করলে বাতিল বলে গণ্য হবে এবং তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

০৮। নিলাম প্রাপ্ত ব্যক্তি/প্রতিষ্ঠান কর্তৃক ইজারা মূল্যের সাথে অতিরিক্ত ১০% টাকা জামানত প্রদান করতে হবে; যা পরবর্তীতে ড্রেজড ম্যাটেরিয়াল সুষ্ঠুভাবে উত্তোলন সাপেক্ষে নিলামকারীর আবেদনের প্রেক্ষিতে উক্ত ১০% জামানত ফেরত প্রদান করা হবে।

০৯। দাখিলকৃত নিলাম মূল্যের ২৫% অর্থ পে- অর্ডারের মাধ্যমে দরপত্র দাখিলের সাথে অগ্রিম জমা প্রদান করতে হবে। নিলাম প্রস্তির ১০ দিনের মধ্যে অবশিষ্ট ৭৫% অর্থ যথাযথ কোডে জমা প্রদান করতে হবে।

১০। অনুমোদিত দরের উপর ১৫% ভ্যাট ও ১০% আয়কর জমা প্রদান করিতে হবে।

১১। স্তূপকৃত ড্রেজড ম্যাটেরিয়াল সরেজমিন পরিদর্শন করে দরপত্র দাখিল করতে হবে।

১২। সংশ্লিষ্ট প্যাকেজের খননকৃত ড্রেজড ম্যাটেরিয়াল ব্যতীত অন্য কোন স্থান হতে মাটি সংগ্রহ করা যাবে না।

১৩। ড্রেজড ম্যাটেরিয়াল সংগ্রহের ফলে নদীর গতিপথ বন্ধ হয়ে যায় এমনভাবে ড্রেজড ম্যাটেরিয়াল সংগ্রহ করা যাবে না।

১৪। নদীর দুইপাড়ের স্লোপ/ঢালের কোনোরূপ ক্ষতি করা যাবে না।

১৫। দরপত্র গ্রহণ ও বাতিলের ক্ষেত্রে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হইবে । এই ব্যাপারে কারো প্রশ্ন উত্থাপন করা যাবে না।

১৬। প্রথম আহ্বানে দরপত্র গৃহীত না হলে পর্যায়ক্রমে ২য় ও ৩য় আহ্বানের কার্যক্রম চলমান থাকবে; তবে প্রথমবার উপযুক্ত দরদাতা পাওয়া গেলে ২য় ও ৩য় বার দরপত্র আহ্বান করা হবে না।

১৭। দরপত্র কর্তৃপক্ষ কর্তৃক যদি মনে করেন যে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান দরপত্র আহবানের সময় অফিস প্রাঙ্গণে সন্ত্রাসমূলক আচরণ, বিশৃঙ্খলা, গোলযোগ, উত্তেজনা, মব, ত্রাস সৃষ্টির অপ প্রয়াস চালায় বা ভয়ভীতি প্রদর্শনের মাধ্যমে দরপত্র দাখিলে বাঁধাপ্রদান করেন তবে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে এবং এরূপ ব্যক্তি বা প্রতিষ্ঠানের দাখিলকৃত দরপত্র বাতিল বলে গণ্য হবে।

১৮। দরপত্র বিজ্ঞপ্তির শর্ত হিসেবে যাহাই উল্লেখ থাকুক না কেন কোন দরপত্র দাতাগণ গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের প্রচলিত বিধি-বিধানের আওতাভুক্ত থাকবেন এবং দরপত্র বিজ্ঞপ্তির শর্ত সমূহ চুক্তিপত্রের শর্ত বলে গণ্য হবে।

১৯। উল্লিখিত শর্তাবলি ভঙ্গ করলে নিলামচুক্তি বাতিল এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা আইন, ২০১০ এবং বালুমহাল ও মাটি ব্যবস্থাপনা বিধিমালা, ২০২৫ অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

২০। নিলাম কমিটি কোনো কারণ দর্শানো ব্যতিরেকে দরপত্র বাতিল, স্থগিত এবং সংশোধন বা আংশিক সংশোধন/পরিবর্তন/পরিবর্ধন করার ক্ষমতা সংরক্ষণ করেন। এ ব্যাপারে নিলাম কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(খৃষ্টফার হিমেল রিছিল)
অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
সভাপতি
মহানগর ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও
মনিটরিং কমিটি, রংপুর
ফোনঃ : ০১৭০৮৫০৯৩০৮।
ই-মেইল: adcrrangpur@mopa.gov.bd

নম্বর : ০৫.৫৫.৮৫০০.০০০.০১০.০৩.০২২০.২৬-৩৫২০/২ (৩০)

তারিখ: ২৬ কার্তিক ১৪৩৩ / ১১ নভেম্বর ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কাযার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর
০২। পুলিশ কমিশনার, রংপুর মেট্রোপলিটন পুলিশ, রংপুর
০৩। জেলা প্রশাসক, রংপুর
০৪। প্রকল্প কর্মকর্তা, ঘাঘট এবং নাগদা প্রকল্প, সদস্য সচিব জেলা ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও মূল্য নির্ধারণ কমিটি, রংপুর
০৫। উপজেলা নির্বাহী অফিসার, ...(সকল), রংপুর (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানো সহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৬। সহকারী কমিশনার (ভূমি),.....(সকল), রংপুর (তাঁর কার্যালয়ের নোটিশ বোর্ডে টাঙ্গানো সহ ব্যাপক প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
০৭। নির্বাহী প্রকৌশলী, রংপুর পানি উন্নয়ন বোর্ড, রংপুর
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, রংপুর
০৯। উপপরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর, রংপুর
১০। উপপরিচালক, পরিবেশ অধিদপ্তর, রংপুর
১১। জেলা মৎস্য কর্মকর্তা, রংপুর
১২। সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, রংপুর। বিজ্ঞপ্তি অনলাইনে প্রকাশ করার জন্য অনুরোধ করা হলো।
১৩। সভাপতি/সম্পাদক .....পত্রিকা, রংপুর। বিজ্ঞপ্তিটি স্থানীয় ও জাতীয় পত্রিকায় স্বল্পপরিসরে একদিনের সংখ্যায় প্রচার করার জন্য অনুরোধ করা হলো।
১৪। নোটিশবোর্ড
১৫। অফিস কপি

অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব)
ও
সভাপতি
মহানগর ড্রেজিং ও ড্রেজড ম্যাটেরিয়াল ব্যবস্থাপনা ও
মনিটরিং কমিটি, রংপুর